যুগান্তর

তারিখ 27 DEC 2012
পৃষ্ঠা ২

# প্রাথমিক ও মাধ্যমিক স্তরের ৪ পরীক্ষার ফল প্রকাশ আজ

যুগান্তর রিপোর্ট

ছোটদের চারটি পাবলিক পরীক্ষার ফল আজ প্রকাশিত হচ্ছে। পরীক্ষাগুলো হচ্ছে— প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা এবং মাধ্যমিক স্তরের জেএসসি ও দাখিল স্তরের জেডিসি পরীক্ষা। এ চারটি পরীক্ষায় এবার প্রায় অর্ধকোটি শিক্ষার্থী অংশ নেয়। সরকার জানিয়েছে, সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে আনুষ্ঠানিকভাবে প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা— এ দুই মন্ত্রণালয়ের পক্ষ থেকে ফলাফল তুলে দেয়া হবে। পরে বেলা ১১টায় প্রাথমিক এবং বেলা ১২টায় শিক্ষা মন্ত্রণালয় সংবাদ সম্মেলন করে ফলাফল ঘোষণা করবে। সংশ্লিষ্টরা জানিয়েছেন, প্রাথমিকের ফলাফল সংবাদ সম্মেলনের পরই এবং মাধ্যমিক স্তরের ফল বিকাল ৩টায় সংশ্লিষ্ট সব শিক্ষা প্রতিষ্ঠান, ওয়েবসাইট ও এসএমএস'র মাধ্যমে জানা যাবে। মাধ্যমিক স্তরের জেএসসি/জেডিসি পরীক্ষায় এবার ১৯ লাখ ৮ হাজার ৩৬৫ জন শিক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে জেএসসিতে ১৫ লাখ ৫৩ হাজার ৫৭৫ জন এবং জেডিসিতে ৩ লাখ ৫৪ হাজার ৭৯০ জন রয়েছে। সরকারি তথ্য বিবরণীতে জানানো হয়, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট ও দিনাজপুরের জেএসসি ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের জেডিসি পরীক্ষার ফল বিকাল ৩টায় দেশের শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট, সংশ্লিষ্ট সব পরীক্ষা কেন্দ্র/শিক্ষা প্রতিষ্ঠান এবং এসএমএস'র মাধ্যমে একযোগে প্রকাশ করা হবে। কেন্দ্র সচিবদের কাছ থেকে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের আওতাধীন সব প্রতিষ্ঠানের প্রধানরা পরীক্ষার্থীদের ফল সংগ্রহ করবেন। পরীক্ষার্থীদের ফল নিজ নিজ কেন্দ্র/শিক্ষা প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করার পরামর্শ দিয়েছে কর্তৃপক্ষ। এর বাইরে শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট www.educationboardresults. এর মাধ্যমে ফলাফল জানতে পারবে। নির্ধারিত Short Code-১৬২২২-এ SMS-এর মাধ্যমেও ফল পাওয়া যাবে।

**প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী :** এদিকে বেলা ১১টায় সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ডা. মেঘ আফসারুল আমীন এমপি ফলাফলের বিভিন্ন দিক জাতির কাছে তুলে ধরবেন। এতে প্রতিমন্ত্রী মোঃ মোতাহার হোসেন এমপি, সচিব এমএম নিয়াজউদ্দিন, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক শ্যামল কান্তি ঘোষ প্রমুখ উপস্থিত থাকবেন। উল্লেখ্য, এ পরীক্ষা ২১ নভেম্বর শুরু হয়ে ২৯ নভেম্বর শেষ হয়। এতে ২৯ লাখ ৬৯ হাজার ৩৯৩ জন অংশ নেয়। এর মধ্যে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশ নেয় ২৬ লাখ ৪১ হাজার ৬৭ জন আর ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে ৩ লাখ ২৮ হাজার ৩২৬ জন। এর বাইরে ইংরেজি ভার্সনে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩ হাজার ৮২৬ জন ও বিশেষ চাহিদাসম্পন্ন পরীক্ষার্থীর সংখ্যা ৫ হাজার ১৭৯ জন। মন্ত্রণালয়ের তথ্য কর্মকর্তা রবীন্দ্রনাথ রায় জানান, ফলাফল ওয়েবসাইটে (www.dpe.gov.bd) ও টেলিটক মোবাইল থেকে এসএমএস ছাড়াও ওয়েবসাইট থেকে (www.dpe.teletalk.com.bd) জানা যাবে।